দৈনিক ইনকিলাব

তারিখ 04 JAN 1989
পৃষ্ঠা ... কলাম 6

# ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহার দাবী

॥ ইনকিলাব রিপোর্ট ॥

ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস গাজীপুর থেকে শান্তি ডাঙ্গায় স্থানান্তরের সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল বিভিন্ন ছাত্র সংগঠনের উদ্যোগে সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়। এ ছাড়া এ সিদ্ধান্তের বিরুদ্ধে ক্ষোভ

২-এর পৃষ্ঠায় দেখুন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ও নিন্দা জানিয়ে বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে প্রতিবাদ জানানো হয়েছে। এ সিদ্ধান্তের প্রতিবাদে গতকাল ইসলামী বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর ঘোষণায় বিক্ষুব্ধ ছাত্ররা গতকাল এক বিরাট মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে এবং স্থানীয় বোর্ড বাজারে এক সমাবেশে মিলিত হয়। সভায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর আদেশ প্রত্যাহার করে বর্তমান স্থানে বিশ্ববিদ্যালয় বহাল রাখার আবেদন জানিয়ে বিভিন্ন বক্তাগণ বক্তব্য রাখেন।

বাংলাদেশ ইসলামী ছাত্র পরিষদ (আইসিপি) গতকাল এক জরুরী সভায় মিলিত হয় এবং ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর আদেশ প্রত্যাহার করে বর্তমান স্থানে পুনর্বহাল রাখার জন্য আবেদন জানায়।

আহমেদ সেলিম রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বক্তব্য রাখেন মহানগরী সভাপতি এ, টি, এম, মফিজ। গাজীপুর জেলা শাখার সভাপতি ও সম্পাদক যথাক্রমে আবু বকর সিদ্দিক ও মিয়া হোসেন রানা, কেন্দ্রীয় সহসভাপতি জাকির হোসেন প্রমুখ নেতৃবৃন্দ।

সভায় ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর আদেশকে এ দেশের মাদ্রাসা শিক্ষা তথা ইসলামী শিক্ষার প্রতি চরম অবহেলা ও অবমাননা বলে উল্লেখ করে বক্তাগণ বলেন, এই ঘোষণা সরকারকে এ দেশের তৌহিদী জনতার কাছে হেয়পরতিপন্ন করার সুগভীর অপকৌশল মাত্র।

এক বিবৃতিতে বাংলাদেশ জমিয়তে তালাবায়ে আরাবিয়ার সভাপতি জনাব মোহাম্মদ ইসমাইল ফারুক ও সাধারণ সম্পাদক এস, এম, আবদুল হামিদ বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের ঘোষণায় প্রমাণিত হলো যে, সরকার ইসলামের কথা বললেও মূলত ইসলামী শিক্ষাকে তিলে তিলে ধ্বংস করার অপপ্রয়াস চালিয়ে যাচ্ছে। নেতৃদ্বয় অবিলম্বে এ সিদ্ধান্ত প্রত্যাহারের এবং প্রয়োজনে এ সিদ্ধান্তের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলার আহবান জানান।

বাংলাদেশ ইসলামী ছাত্র সমাজের সভাপতি শেখ লোকমান হোসেন ও সহসভাপতি আবদুল খালেক নিজামী এক যুক্ত বিবৃতিতে বলেন, ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শান্তি ডাঙ্গায় স্থানান্তরের সিদ্ধান্ত সরকারের ইসলামবিরোধী মনোভাবেরই বহিঃপ্রকাশ। তারা একে ইসলামের বিরুদ্ধে আন্তর্জাতিক ষড়যন্ত্রের অংশ বলে উল্লেখ করেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় শান্তি ডাঙ্গায় স্থানান্তরের সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে আঞ্জুমানে তালমীযে ইসলামিয়ার নেতৃবৃন্দ অবিলম্বে এ সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য দাবী জানিয়েছেন।

পরিবার কল্যাণ সংঘ 'সুখী নীড়' নেতৃবৃন্দ এক বিবৃতিতে ইসলামী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস স্থানান্তরের তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের সভাপতি জনাব শফিকুদ্দীন ও সেক্রেটারী জেনারেল আবদুল কাদির সালেহ এক যুক্ত বিবৃতিতে বিস্ময় ও উদ্বেগ প্রকাশ করে বলেন, এ সিদ্ধান্ত ইসলামবিরোধীদের কাছে সরকারের নতি স্বীকারেরই ফল। নেতৃবৃন্দ এ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানান।

বাংলাদেশ মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের উদ্যোগে গতকাল ঢাকা আলীয়া মাদ্রাসা প্রাঙ্গণে এক ছাত্র সমাবেশ ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। সমাবেশ থেকে অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের জন্য দাবী জানানো হয়।

### চট্টগ্রাম

চট্টগ্রাম বিভিন্ন ধর্মীয়, সামাজিক ও ছাত্র সংগঠন গাজীপুর থেকে ইসলামী বিশ্ববিদ্যালয় শান্তি ডাঙ্গায় নিয়ে যাওয়ার সিদ্ধান্তের প্রতিবাদ করেছে। এসব সংগঠন পৃথক পৃথক বিবৃতিতে বলেছে, ইসলামী শিক্ষাকে হেয় করার উদ্দেশ্যে মহল বিশেষের ষড়যন্ত্রের প্রতিফলনই এই সিদ্ধান্ত। অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিলের জন্য দাবী জানান হয়েছে।

বিবৃতিদাতা সংগঠনসমূহ হচ্ছে— ইসলামী ছাত্র সেনা চট্টগ্রাম নগর শাখা, চট্টগ্রাম বন্দর ইসলামী শ্রমিক সংঘ, মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদের চট্টগ্রাম শহর শাখা, দারুল উলুম সিনিয়র মাদ্রাসা শাখা ও বায়তুল শরফ আদর্শ মাদ্রাসা শাখা। আগামীকাল সকাল ৯টায় মাদ্রাসা ছাত্র আন্দোলন পরিষদ চট্টগ্রাম মহানগরীর উদ্যোগে এ উপলক্ষে দারুল উলুম সিনিয়র মাদ্রাসা চত্বরে এক প্রতিবাদ সভার আয়োজন করা হয়েছে।